দৈনিক

# আমাদের সময়

তারিখ 19 DEC 2017
পৃষ্ঠা ২ কলাম ৬

## টাকার বিনিময়ে কিছু শিক্ষক প্রশ্নফাঁস করছেন : শিক্ষামন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক ◉**
প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে কিছুসংখ্যক শিক্ষক জড়িত রয়েছেন বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, শিক্ষকরা টাকার বিনিময়ে প্রশ্নপত্র ফাঁস করে দিচ্ছেন।

রাজধানীর মাতুয়াইল এলাকায় কয়েকটি ছাপাখানা পরিদর্শন শেষে গতকাল সোমবার তিনি এ কথা বলেন। এ সময় তিনি জানান, নতুন বছরের প্রথম দিনেই সারা দেশের শিক্ষার্থীদের হাতে নতুন পাঠ্যবই তুলে দেওয়া হবে। এবার প্রথম থেকে দশম শ্রেণির শিক্ষার্থীদের সাড়ে ৩৫ কোটি বই দেবে সরকার।



মন্ত্রী বলেন, বিজি প্রেস থেকে শুরু করে জেলা প্রশাসক ও থানার নির্বাহী কর্মকর্তা পর্যন্ত কোনো প্রশ্নপত্র ফাঁস হয় না। যেদিন পরীক্ষা শুরু হবে, এর কিছুক্ষণ আগে শিক্ষকদের মাধ্যমে প্রশ্নপত্র ফাঁস হয়ে থাকে। এ ধরনের শিক্ষকদের নৈতিক মূল্যবোধের অভাব রয়েছে। দেশ ও জাতির স্বার্থে এর থেকে তাদের বের হয়ে আসতে হবে।

বিনামূল্যের পাঠ্যপুস্তক খোলাবাজারে বিক্রি হচ্ছে, এমন প্রশ্নের জবাবে নাহিদ বলেন, এ ধরনের সুনির্দিষ্ট তথ্য তাদের জানা নেই।

বই ছাপানোর ক্ষেত্রে গুটিকয়েক প্রকাশনা প্রতিষ্ঠান গাফিলতি করছে জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, এ বিষয়ে সতর্ক আছে সরকার। তবে বেশিরভাগ বই এরই মধ্যে তৃণমূল পর্যায়ে পৌঁছে গেছে। এ ছাড়া বইয়ের বোঝা কমানোর পাশাপাশি শিক্ষার মান বৃদ্ধিতে সরকার আন্তরিকভাবে কাজ করছে।

এ ছাড়া চলতি মাসের ৩০ তারিখ গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে ২০১৮ শিক্ষাবর্ষের পাঠ্যবই তুলে দেওয়া হবে বলে শিক্ষামন্ত্রী জানান। পাশাপাশি জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার ফল প্রধানমন্ত্রীর হাতে তুলে দেওয়া হবে বলেও উল্লেখ করেন তিনি। আগামী ৩০ ডিসেম্বর সারা দেশে একযোগে জেএসসি-জেডিসি পরীক্ষার ফল প্রকাশ করা হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক শাখার অতিরিক্ত সচিব মুফাদ আহমেদ চৌধুরী, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক নারায়ণ চন্দ্র সাহাসহ মন্ত্রণালয়ের কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।